

২০২৩

বাংলা — সাম্মানিক

পঞ্চম সেমিস্টার

পত্র : CC-11

(সাহিত্যের রূপ ও রীতি)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) মহাকাব্যের লক্ষণ বিচার করে একটি বাংলা সাহিত্যিক মহাকাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৩+৭
অথবা,
(খ) একাদশ নাটক কাকে বলে? বৈশিষ্ট্য উল্লেখ করে একটি বাংলা একাদশ নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৩+৭
- ২। (ক) নকশাধর্মী উপন্যাস বলতে কী বোঝো? একটি যথার্থ বাংলা নকশাধর্মী উপন্যাসের পরিচয় দাও। ৪+৬
অথবা,
(খ) সাহিত্য-সংরূপ হিসেবে ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো। ১০
- ৩। (ক) রম্যরচনা কী কী গুণে রমণীয় হয়ে ওঠে? একটি সার্থক রম্যরচনার উল্লেখ করে সাহিত্য-সংরূপ হিসেবে এর স্বাতন্ত্র্যের পরিচয় দাও। ১০
অথবা,
(খ) ডায়েরি কাকে বলে? পত্রসাহিত্য ও ডায়েরির পার্থক্য উদাহরণসহ আলোচনা করো। ৩+৭
- ৪। (ক) কবিগান সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
অথবা,
(খ) নৃত্যনাট্যের আবশ্যিক শর্তগুলি উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো। ৫
- ৫। (ক) সাহিত্য-সংরূপ হিসেবে রূপকথার পরিচয় দাও। ৫
অথবা,
(খ) রোমান্স কী? একটি সার্থক রোমান্স-এর বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো। ১+৪

৬। (ক) লঘু প্রবন্ধ কাকে বলে? এর বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

২+৩

অথবা,

(খ) স্মৃতিকথার বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

১+৪

৭। টাকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

(ক) সনেট

(খ) চেতনাপ্রবাহরীতির উপন্যাস

(গ) গবেষণা প্রবন্ধ।

৮। পূর্ণবাক্যে সংক্ষেপে উত্তর দাও।

১×১৫

(ক) একটি আদি মহাকাব্যের উদাহরণ দাও।

(খ) 'রাজসিংহ' কোন শ্রেণির উপন্যাস?

(গ) একটি অ্যাবসার্ড নাটকের উদাহরণ দাও।

(ঘ) একটি যথার্থ আঞ্চলিক উপন্যাসের নাম লেখো।

(ঙ) বাংলা ভাষায় লেখা একটি যথার্থ ট্রাজেডি নাটকের নাম লেখো।

(চ) রবীন্দ্রনাথের একটি মনস্তাত্ত্বিক উপন্যাসের নাম লেখো।

(ছ) জীবনী ও আত্মজীবনীর একটি পার্থক্য নির্দেশ করো।

(জ) 'পালামো' কী জাতীয় রচনা?

(ঝ) শেক্সপিয়রের একটি ট্রাজেডির নাম লেখো।

(ঞ) কবিতার 'হাইকু' রূপকল্পটি কোন দেশে উদ্ভূত?

(ট) বাংলা ছোটগল্পের জনক কাকে বলা হয়?

(ঠ) একটি পত্রসাহিত্যের উদাহরণ দাও।

(ড) ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের একটি প্রাথমিক শর্ত নির্দেশ করো।

(ঢ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা একটি সমালোচনামূলক প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।

(ণ) 'একেই কি বলে সভ্যতা' কী জাতীয় রচনা?